দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 JUN 2016

রাজশাহী বোর্ডে ফল পুনঃনিরীক্ষণ

# এসএসসিতে ফেল করা পাঁচ শিক্ষার্থী পেল জিপিএ-৫!

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এবারের এসএসসি পরীক্ষায় উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ফল গত বৃহস্পতিবার প্রকাশিত হয়েছে। এতে ফেল করা পাঁচ শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। মোট ফল পরিবর্তন হয়েছে ৩০৬ শিক্ষার্থীর।

শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক সামসুল কালাম আজাদ জানান—আবেদনকারীর ফলাফল বদলে যাওয়ার ঘটনা অনেক কম। এর পরও মূল্যায়নে ঘাটতির ফলে এ ধরনের ঘটনা এড়াতে পরীক্ষকদের খাতা মূল্যায়নে আরো যত্নবান হওয়ার পরামর্শ দেয়া হবে।

তিনি জানান, ফল পুনর্নিরীক্ষণে ফেল থেকে পাস করেছেন ৭৪ জন। আর ফেল থেকে জিপিএ পাঁচ পেয়েছেন পাঁচ জন। অন্যরা বিভিন্ন গ্রেড পয়েন্ট অর্জন করেছেন।